

M.A. 2nd Semester Examination, 2020 (CBCS)

বাংলা (নতুন পাঠক্রম)

পত্র : ২০২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

(প্রতিটি এককের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।)

একক : ১ (মান ২০)

১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) চর্যাগীতি বৌদ্ধ সহজিয়া তত্ত্বকথা হলেও, আদি যুগের বাংলা সাহিত্যের নিদর্শন হিসেবে এর গুরুত্ব অপরিসীম,  
--আলোচনা করো।

খ) "কা আ তরুবর পঞ্চ বি ডাল" পদটির মধ্যে বৌদ্ধ সহজিয়া তত্ত্বের যে কথা আছে ত্র নিহিতার্থ ব্যাখ্যা করো।

২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) জন্মখণ্ড-এর রাখার প্রেমের উত্তরণ ঘটেছে রাখাবিরহ-এ গিয়ে, --এই মন্তব্যের আলোয় 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর রাখা  
চরিত্র বিশ্লেষণ করো।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে প্রতিফলিত সমাজজীবনের পরিচয় দাও।

পত্র ২০২/১ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে।  
উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে ক্রম-অনুসারে সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের  
নির্দিষ্ট করে দেওয়া মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

একক : ২ (মান ২০)

১. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতায় পুনরুজ্জি যেমন দোষ, তেমনি গুণও বটে। --নিদর্শন সহযোগে মন্তব্যটি  
বুঝিয়ে দাও।

খ) 'পথহারা' ও 'সর্বহারা' কবিতাদুটির একটি তুলনামূলক আলোচনা করো।

২. যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

ক) 'অঘোরপত্নী'র আনন্দ তো সহজ আনন্দ নয়, বীভৎসের মধ্যে থেকে জীবনভোগের রুদ্র-সাধনার ইঙ্গিত।  
--মন্তব্যটি বিশ্লেষণ করো।

খ) 'কালাপাহাড়' কবিতায় কবি মোহিতলাল এক ঐতিহাসিক চরিত্রের নবনির্মাণ করেছেন করো। কবির ভাবনার  
অভিনবত্বটি বুঝিয়ে দাও।

পত্র ২০২/২ -এর এক-একটি প্রশ্নের উত্তর তিন পৃষ্ঠা হিসেবে মোট ছয় পৃষ্ঠার মধ্যে দুটি উত্তর লিখতে হবে।  
উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে ক্রম-অনুসারে সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে কলেজের  
নির্দিষ্ট করে দেওয়া মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।